

## গাইবান্ধায় পলাতক শিক্ষক-কর্মচারীরা বেতন ভাতা উত্তোলন করছেন!

### ■ গাইবান্ধা প্রতিনিধি

গাইবান্ধায় ১১টি শিক্ষা প্রতিষ্ঠানের পলাতক ১৬ শিক্ষক ও কর্মচারী দায়িত্ব পালন না করেও বেতন-ভাতা উত্তোলন করছে বলে অভিযোগ রয়েছে। এছাড়া তারা গোপনে হাজিরা খাতায় স্বাক্ষর করছে বলেও অভিযোগ উঠেছে।

শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১৪টি পলাশবাড়ী ও একটি সাদুল্লাপুর এবং একটি গাইবান্ধা সদর উপজেলায়। তার মধ্যে ১০টি মাদ্রাসার ১৫ জন শিক্ষক ও কর্মচারী এবং একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক রয়েছেন।

গাইবান্ধা জেলা শিক্ষা অফিসার কুতুব উদ্দিন জানান, অভিযুক্ত ১৬ জন শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয় পরিচালনা কমিটিকে নির্দেশ প্রদান করা হয়েছে। তিনি আরো জানান, সংশ্লিষ্ট কমিটি

ব্যবস্থা গ্রহণ না করলে বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় ও অধিদপ্তরকে জানানো হবে।

গাইবান্ধা জেলা শিক্ষা অফিসার জানান, ওইসব শিক্ষক-কর্মচারীরা জামায়াত-শিবিরের সাথে সক্রিয়ভাবে জড়িত বলে অভিযোগ উঠেছে। এছাড়া চলমান সহিংসতার সাথে সংশ্লিষ্টতার অভিযোগে তাঁদের বিরুদ্ধে মামলাও হয়েছে।

পলাশবাড়ী মেরীরহাট ফাজিল মাদ্রাসার পরিচালনা কমিটির সভাপতি ও পলাশবাড়ী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শহিদুল ইসলাম বাদশা জানান, জেলা মাধ্যমিক অফিস থেকে চিঠি পাওয়ার পর তার বেতন-ভাতা বন্ধ করে দেয়ার ব্যবস্থা নেয়া হচ্ছে।

তবে এতদিন কেন ব্যবস্থা নেননি এ প্রশ্নের জবাবে তিনি কোনো উত্তর দেননি।